দামুড়হুদায় শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, দোয়া ও খাবার বিতরণ

মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪৫তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে দামুড়হুদায় আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থ ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ কর্মসূচি পালন করেছে দামুড়হুদা উপজেলা বিএনপি।

আজ শনিবার দামুড়হুদা বাজারে উপজেলা বিএনপি’র দলীয় কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। পরে দলীয় নেতাকর্মীরা বাজার এলাকার বিভিন্ন মোড়ে মোড়ে গিয়ে দুস্থ ও পথচারীদের মাঝে খাবার বিতরণ করেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয়তাবাদী চেতনার এক অবিস্মরণীয় নাম। মুক্তিযুদ্ধে তাঁর বীরত্বপূর্ণ অবদান, স্বাধীনতার ঘোষণা এবং পরবর্তীতে দেশের অর্থনৈতিক পুনর্গঠন ও গণতান্ত্রিক প্রতিষ্ঠা গড়ে তোলার উদ্যোগ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে বিশেষভাবে স্মরণীয় হয়ে থাকবে। দেশের সংকটময় সময়ে নেতৃত্ব দিয়ে তিনি জাতিকে নতুন স্বপ্ন ও আত্মবিশ্বাসের পথ দেখিয়েছিলেন।

বক্তারা আরও বলেন, জিয়াউর রহমানের আদর্শ ছিল আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ে তোলা এবং জনগণের ক্ষমতায়নে বিশ্বাসী একটি রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা করা। তাঁর কর্মময় জীবন ও দেশপ্রেম আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, সোহেল রানা,

উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ,নেতৃবৃন্দসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। পাশাপাশি দেশের শান্তি, সমৃদ্ধি ও জনগণের কল্যাণ কামনা করা হয়। পরে অসহায় ও দুস্থ মানুষের মাঝে খাবার বিতরণের মাধ্যমে কর্মসূচির সমাপ্তি ঘটে।